# মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক উপজেলা কমিটির সভার কার্যবিবরণী ঃ

সভাপতি : জনাব রেহেনা আকতার কাজমী
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বাঁশখালী, চট্টগ্রাম।

সভার তারিখ : ১০/০৩/২০২২ খ্রি.

সভার সময় : সকাল ১০.০০ ঘটিকা

সভার স্থান : মহিলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ , বাঁশখালী, চট্টগ্রাম।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক"

উপস্থিত সকলকে আন্তরিক শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভা পরিচালনা করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বাঁশখালী, চট্টগ্রামকে অনুরোধ করা হয়। তিনি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় নিম্নবর্ণিত আলোচনা, কার্যক্রম ও সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্র:নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | জনাব সোনিয়া শফি, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বাঁশখালী সভায় জানান তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। তিনি গত ০৩/০৩/২০২২খ্রিঃ তারিখে এ উপজেলায় অতিরিক্ত দায়িত্ব হিসাবে যোগদান করেন। নতুন কর্মপরিবেশে সকলের সহযোগিতা কামনা করেন। তিনি জানান তাঁর দপ্তরে ডিজাইনের উপর প্রশিক্ষণ প্রদান করা হবে। প্রশিক্ষণে অংশগ্রহণকারী আগ্রহী ব্যক্তিদের অনলাইনে আবেদন করার জন্য তিনি সভায় অনুরোধ জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে, নব যোগদানকৃত উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বাঁশখালীকে সার্বিক সহযোগিতা করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয় এবং ডিজাইন প্রশিক্ষণের জন্য অনলাইন আবেদন করার ব্যাপারে আগ্রহী প্রার্থীদের সহযোগিতা করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বাঁশখালীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ,বাঁশখালী |
| | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান ১১০৬ জন মাতৃত্ব ভাতা ভোগীদের বরাদ্দ পাওয়া গিয়াছে। মাতৃত্বভাতা পাওয়ার জন্য অনলাইনের মাধ্যমে প্রতি দুই মাস পর পর আবেদন করতে পারবে। আবেদন করার সময় অবশ্যই ব্যাংক হিসাব নং এবং জাতীয় পরিচয় পত্র থাকতে হবে। | সভায় আলোচনা শেষে মাতৃত্বভাতা অনলাইনের মাধ্যমে করার ক্ষেত্রে সার্বিক সহযোগিতা করার জন্য সকল ইউ,পি চেয়ারম্যান ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বাঁশখালীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ,বাঁশখালী<br>২। ইউ,পি চেয়ারম্যান (সকল) |
| | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় আরও জানান মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়াধীন মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক ৩মাস ব্যাপী "মহিলা কৃষি প্রশিক্ষণ" এ প্রশিক্ষণার্থী ভর্তির জন্য দেশের যেকোনো এলাকার ১৬ থেকে ৩৫ বৎসর বয়সের মহিলাদের নিকট হতে দরখাস্ত আহবান করতে পারবে। | সভায় আলোচনা শেষে মহিলা কৃষি প্রশিক্ষণে ভর্তি হতে ইচ্ছুক মহিলাদের নির্ধারিত আবেদন ফরম পূরণ পূর্বক সংশ্লিষ্ট দপ্তরে জমা প্রদান করার নিমিত্ত সার্বিক সহযোগিতা করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বাঁশখালীকে অনুরোধ করেন | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ,বাঁশখালী |

| | | | |
|---|---|---|---|
| ০৬ | জনাব তাজুল ইসলাম, চেয়ারম্যান, বাহারছড়া ইউ,পি সভায় জানান তার ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। উপজেলা মহিলা বিষয়ক দপ্তর থেকে যেসকল নারীদের সেলাই মেশিন, ব্লক, বটিকের প্রশিক্ষণ দেওয়া হয়। এমতাবস্থায় উপজেলা পরিষদ থেকে নারীদের জীবনযাত্রার মান উন্নয়নকল্পে প্রকল্প গ্রহণ করা হলে উক্ত অসহায় ও দুঃস্থ নারী স্বাবলম্বী হবে। তাই উপজেলা পরিষদ থেকে প্রয়োজনীয় বরাদ্দ প্রদানের জন্য অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনা শেষে, অসহায় ও দুঃস্থ নারী স্বাবলম্বী করণের জন্য সেলাই মেশিন ক্রয়ের প্রস্তাবনা উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থাপন করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বাঁশখালীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বাঁশখালী |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন এবং বিভাগীয় কর্মকর্তাগণকে আন্তরিকতা ও জবাবদিহিতার সহিত সাথে দায়িত্ব পালন করার অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১০/০৩/২০২২ ইং

রেহেনা আকতার কাজমী
মহিলা ভাইস চেয়ারম্যান
ও
সভাপতি
মহিলা ও শিশু বিষয়ক উপজেলা কমিটি
বাঁশখালী, চট্টগ্রাম

স্মারক নংঃ ০০.৫১৭.০০০.০০.২৯.০০২.২০২২-৬৫ | তারিখ ঃ ১০/০৩/২০২২খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো।
০১। চেয়ারম্যান , উপজেলা পরিষদ,বাঁশখালী,চট্রগাম।
০২। উপজেলা নির্বাহী অফিসার, বাঁশখালী, চট্টগ্রাম
০৩। উপজেলা ............................কর্মকর্তা , বাঁশখালী, চট্টগ্রাম।
০৪। চেয়ারম্যান............................ইউ,পি, বাঁশখালী, চট্টগ্রাম।
০৫। অফিস নথি ।

সোনিয়া শফি
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
বাঁশখালী,চট্টগ্রাম

# মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক উপজেলা কমিটির সভার কার্যবিবরণী ঃ

সভাপতি : জনাব রেহেনা আকতার কাজমী
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বাঁশখালী, চট্টগ্রাম।

সভার তারিখ : ২৮/০৯/২০২১ খ্রি.

সভার সময় : সকাল ১০.০০ ঘটিকা

সভার স্থান : মহিলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ , বাঁশখালী, চট্টগ্রাম।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক"

উপস্থিত সকলকে আন্তরিক শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সরকারি নির্দেশনা অনুযায়ী উপজেলা কমিটির সভা নিয়মিত অনুষ্ঠিত হলে প্রান্তিক পর্যায়ের দুঃস্থ মহিলাদের সমস্যা চিহ্নিত সম্ভব হবে। সভা পরিচালনা করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বাঁশখালী, চট্টগ্রামকে অনুরোধ করা হয়। তিনি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় নিম্নবর্ণিত আলোচনা, কার্যক্রম ও সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্র:নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | জনাব সাকেরা শরীফ, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বাঁশখালী সভায় বলেন তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। দু:স্থ মহিলা উন্নয়ন (ভালনারেবল গ্রুপ ডেভেলপমেন্ট- ভিজিডি) কর্মসূচীর আওতায় ২০ থেকে ৫০ বছরের মধ্যে পরিবারের কর্মক্ষম দুস্থ, বিধবা, তালাকপ্রাপ্ত ও স্বামী পরিত্যক্তা নারী অন্য কোনো স্থায়ী/নিয়মিত আয়ের উৎস নেই তাদেরকে অনলাইনের মাধ্যমে আবেদন করতে হবে। | সভায় আলোচনা শেষে ভিজিডি উপকারভোগী বাছাই/নির্বাচন, ভিজিডি খাদ্য ও কার্ড বিতরণ কার্যক্রমে সার্বিক সহযোগিতা করার জন্য ইউ,পি চেয়ারম্যান (সকল)কে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,বাঁশখালী |
| ০২ | জনাব তাজুল ইসলাম, চেয়ারম্যান, বাহারছড়া ইউ,পি সভায় জানান তার ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। বাঁশখালী উপজেলায় শিক্ষার মান এখনো অনুন্নত। ফলে ভিজিডি কর্মসূচীর আওতায় দু:স্থ, বিধবা, তালাকপ্রাপ্ত ও স্বামী পরিত্যক্তা নারীরা কিভাবে অনলাইনের মাধ্যমে আবেদন করতে হবে তা অধিকাংশ নারীরা জানেনা। যেহেতু সরকার নতুন নিয়মের মাধ্যমে সকলকে অনলাইনে আবেদন করার নির্দেশনা দিয়েছে। তাই উপজেলা মহিলা বিষয়ক কার্যালয়ের সহযোগিতা কামনা করেন। | সভায় বিস্তারিত আলোচনা শেষে, ভিজিডি কর্মসূচীর আওতায় দু:স্থ, বিধবা, তালাকপ্রাপ্ত ও স্বামী পরিত্যক্তা নারীদের অনলাইনে আবেদন বিষয়ে সার্বিক সহযোগিতা করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বাঁশখালীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বাঁশখালী |

CamScanner

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন এবং বিভাগীয় কর্মকর্তাগণকে আন্তরিকতা ও জবাবদিহিতার সহিত সাথে দায়িত্ব পালন করার অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

রেহেনা আকতার কাজলী
মহিলা ভাইস চেয়ারম্যান
ও
সভাপতি
মহিলা ও শিশু বিষয়ক উপজেলা কমিটি
বাঁশখালী, চট্টগ্রাম

স্মারক নংঃ ০০.৫১৭.০০০.০০.২৯.০০২.২০২১- ৫৭৬

তারিখ ঃ ২৮/০৯/২০২১ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো।
০১। চেয়ারম্যান , উপজেলা পরিষদ,বাঁশখালী,চট্রগাম।
০২। উপজেলা নির্বাহী অফিসার, বাঁশখালী, চট্টগ্রাম
০৩। উপজেলা ..............................কর্মকর্তা , বাঁশখালী, চট্টগ্রাম।
০৪। চেয়ারম্যান..............................ইউ,পি, বাঁশখালী, চট্টগ্রাম।
০৫। অফিস নথি ।

সাকেরা শরীফ
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
বাঁশখালী,চট্টগ্রাম